দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JUN. 27 1999
পৃষ্ঠা ১২ কলাম ৫

209

# চট্টগ্রামে প্রস্তাবিত কলেজে শিক্ষক নিয়োগের পরীক্ষা নিয়ে অঘটন

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥ শনিবার চট্টগ্রামে একটি প্রস্তাবিত কলেজে শিক্ষক নিয়োগ পরীক্ষাকে কেন্দ্র করে তুলকালাম কাণ্ড ঘটেছে। কর্তৃপক্ষের স্বেচ্ছাচারিতার অভিযোগে নির্ধারিত পরীক্ষকগণ পরীক্ষা না নিয়ে কেন্দ্র ত্যাগ করলে স্কুলের পিয়ন দিয়ে ওই নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হয়। বাংলাদেশ মহিলা সমিতি উচ্চ বালিকা বিদ্যালয়ে প্রস্তাবিত এ কলেজের পরীক্ষা নিয়ে অঘটনের প্রতিবাদে

*(২- পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)*

## চট্টগ্রামে প্রস্তাবিত

*(১২-এর পৃষ্ঠার পর)*

পরীক্ষার্থীরা বিক্ষোভ প্রদর্শন করেছেন।

সংশ্লিষ্ট সূত্র মতে, বাংলাদেশ মহিলা সমিতি উচ্চ বালিকা বিদ্যালয়ে প্রস্তাবিত কলেজে ১৭টি বিষয়ে শিক্ষক নিয়োগ পরীক্ষা নিতে এসে পরীক্ষকগণ ফিরে যান। নিয়ম অনুযায়ী পরীক্ষকগণের তাৎক্ষণিকভাবে প্রশ্ন তৈরি করে তার ভিত্তিতে পরীক্ষা নেয়ার কথা। কিন্তু কর্তৃপক্ষ পূর্ব থেকেই প্রশ্ন ছেপে তার ভিত্তিতে পরীক্ষা নিতে চাইলে পরীক্ষকদের সাথে কর্তৃপক্ষের বিরোধ সৃষ্টি হয়। পরে আধ ঘণ্টা বিলম্বে স্কুলের পিয়ন দ্বারা পরীক্ষা গ্রহণ করা হয় বলে অভিযোগ পাওয়া গেছে। এছাড়া বিভিন্ন পরীক্ষার্থী পরীক্ষার আগেই প্রশ্নপত্র হাতে পেয়ে যান বলেও অভিযোগ পাওয়া গেছে।

6